



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০১৯.২১.৩৮০

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪২৮

১১ জুন ২০২১

বিষয়: বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার গনকপাড়া কলেজে কর্মরত ব্যবস্থাপনা বিষয়ের প্রভাষক জনাব আবু সাদ্দাত মো: হুমায়ুন কবির এর বিরুদ্ধে সনদ জালিয়াতির অভিযোগ তদন্তকরণ প্রসঙ্গে।

বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার গনকপাড়া কলেজের সভাপতি, জনাব মো: তরিকুল ইসলাম তার কলেজে কর্মরত ব্যবস্থাপনা বিষয়ের প্রভাষক জনাব আবু সাদ্দাত মো: হুমায়ুন কবির এর বিরুদ্ধে সনদ জালিয়াতির অভিযোগ আনয়ন করে মহাপরিচালক মহোদয়ের বরাবরে আবেদন দাখিল করেছেন। আবেদন পর্যালোচনা করে দেখা যায় সভাপতি আবেদনে উল্লেখ করেন তার মাস্টার্স সনদে ৩য় শ্রেণি রয়েছে। মাস্টার্স সনদ জালিয়াতির মাধ্যমে ২য় শ্রেণি করে কলেজ কর্তৃপক্ষকে ভুল বুঝিয়ে ০১/০৫/২০০৪ সালে এমপিওভুক্ত হয়ে অদ্যাবধি সরকারি অর্থ ভোগ করিতেছে। সভাপতি তার সকল সনদ যাচাই বাছাই করে যথাযথ ব্যবস্থা নেয়ার জন্য আবেদন করেছেন।

এমতাবস্থায় বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার গনকপাড়া কলেজে কর্মরত ব্যবস্থাপনা বিষয়ের প্রভাষক জনাব আবু সাদ্দাত মো: হুমায়ুন কবির এর বিরুদ্ধে সনদ জালিয়াতির অভিযোগ সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন দাখিল করার জন্য উপপরিচালক (কলেজ) ও সহকারী পরিচালক (কলেজ), মাউশি, আঞ্চলিক কার্যালয়, রাজশাহী কে নির্দেশক্রমে দায়িত্ব প্রদান করা হলো।

১১-৬-২০২১

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক

বিতরণ :

- ১) উপপরিচালক (কলেজ) (চলতি দায়িত্ব), কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী
- ২) সহকারী পরিচালক (মাধ্যমিক) (রুটিন দায়িত্ব), কলেজ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০১৯.২১.৩৮০/১(৩)


তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪২৮

১১ জুন ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জনাব মোঃ তরিকুল ইসলাম, সভাপতি, গভর্নিং বডি, গনকপাড়া কলেজ, সারিয়াকান্দি, বগুড়া
- ২) অধ্যক্ষ, গনকপাড়া কলেজ, সারিয়াকান্দি, বগুড়া।

৩) জনাব আবু সাদ্দাত মোঃ হুমায়ুন কবির, প্রভাষক (ব্যবস্থাপনা), গণকপাড়া কলেজ, সারিয়াকান্দি, বগুড়া।



১১-৬-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক